

স্মারক নং: ০৫.৪৩.০০০০.০০৫.০৮.০০১.২৪.৮৯

তারি: ৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৪

বাংলা ১৪৩১ সনের মেয়াদে রাজশাহী বিভাগের জেলা পরিষদের মালিকানাধীন আন্তঃজেলা ফেরীঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নং- ০১/২০২৪ (১ম হতে ৪র্থ পর্যায় পর্যন্ত)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৭/০৬/২০০৭ খ্রি: তারিখের স্বাসবি/জেপশা/বিধি-২/২০০৭/১৫১৯ সংখ্যক স্মারক ও স্থানীয় সরকার বিভাগের 'হজাতরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ধৃত আয় বটন সম্পর্কিত নীতিমালা ২০০৩' মোতাবেক বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য রাজশাহী বিভাগের রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নোক্ত আন্তঃজেলা ফেরীঘাটসমূহ ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত ইজারাদার/পেশাদার পাটনী এর নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

“আন্তঃজেলা ফেরীঘাটের তফশীল”

ক্র. নং	আন্তঃজেলা ফেরীঘাটের নাম	বাংলা ১৪৩১ সনের সরকারি ইজারা মূল্য	দরপত্রের একক মূল্য	দরপত্রের বিক্রয়ের তারিখ	দরপত্রের দাখিলের তারিখ	দরপত্র মূল্যায়ন সভার তারিখ
১।	সুলতানগঞ্জ পেটাও রানীনগর	১৫,৮২,০৭৫/-	৪০০০/-	১ম পর্যায়: ২৫/০২/২০২৪ খ্রি. হতে ০৫/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত	০৬/০৩/২০২৪ খ্রি.	০৭/০৩/২০২৪ খ্রি.
				২য় পর্যায়: ১২/০৩/২০২৪ খ্রি. হতে ২১/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত	২৪/০৩/২০২৪ খ্রি.	২৫/০৩/২০২৪ খ্রি.
				৩য় পর্যায়: ১৭/০৪/২০২৪ খ্রি. হতে ২৮/০৪/২০২৪ খ্রি. পর্যন্ত	২৯/০৪/২০২৪ খ্রি.	৩০/০৪/২০২৪ খ্রি.
				৪র্থ পর্যায়: ০৭/০৫/২০২৪ খ্রি. হতে ১৯/০৫/২০২৪ খ্রি. পর্যন্ত	২০/০৫/২০২৪ খ্রি.	২১/০৫/২০২৪ খ্রি.
২।	ভগবতপুর পেটাও আলাতুলী	২৩,৩৫,১৯৬/-	৪,০০০/-	ঐ	ঐ	ঐ
৩।	বালিয়াঘাটা	২,৬৪,০০০/-	১,৫০০/-	ঐ	ঐ	ঐ

উল্লেখ্য, ১ম পর্যায় যদি কোন ফেরীঘাটের দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ২য় পর্যায় উক্ত ফেরীঘাটের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। অনুরূপভাবে ২য় বা ৩য় পর্যায় কোন ফেরীঘাটের দাখিলকৃত দর অনুমোদিত হলে পরবর্তী পর্যায় উক্ত ফেরীঘাটের নাম ইজারা সংক্রান্ত তফশীল হতে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য হবে। ফেরীঘাটের উদ্ধৃত দরের ২৫% অর্থ বিডি/ডিডি/পেঅর্ডার আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে। দরদাতার উদ্ধৃত দর কমিটি কর্তৃক গৃহীত হলে নির্বাচিত দরদাতাকে পত্রপ্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% অর্থ জমা দিতে হবে এবং দরপত্রের সাথে দাখিলকৃত ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। একইসাথে উদ্ধৃত দরের ১৫% ভ্যাট ও ১০% আয়কর (আয়কর অধ্যাদেশ ১৯৮৪ ধারা ৫৩ সি এর সর্বশেষ সংশোধনী অনুযায়ী) নির্ধারিত কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিয়ে এ কার্যালয়ে দাখিল করতে হবে। ফেরীঘাট ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অন্যান্য শর্তাবলী বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর স্থানীয় সরকার শাখা হতে জানা যাবে ও ওয়েবসাইটের নোটিশ বোর্ডে পাওয়া যাবে। (ওয়েবসাইট: www.rajshahidiv.gov.bd)।

দরপত্র প্রাপ্তির স্থান: (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর স্থানীয় সরকার শাখা (২) জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ (৩) জেলা পরিষদ, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ এবং (৪) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।

দরপত্র দাখিলের সময়: সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত।

দরপত্র দাখিলের স্থান: বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এর স্থানীয় সরকার শাখা এবং জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ-এ রক্ষিত টেন্ডার বাগ্রে দাখিল করা যাবে।

দরপত্র খোলার তারিখ ও সময়: দরপত্র দাখিলের পরের দিন বেলা ১১.০০ ঘটিকায় দরপত্র মূল্যায়ন কমিটির সভায় দরপত্র দাতার সম্মুখে দরপত্র খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)।



মোঃ মাসুম বিল্লাহ

উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্থানীয় সরকার

ও

সদস্য সচিব

আন্তঃজেলা ফেরীঘাট ইজারা কমিটি

রাজশাহী বিভাগ, রাজশাহী